**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 23-11-2024**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Counting:**

আজ মহারাষ্ট্র ও ঝাড়খণ্ড বিধানসভা নির্বাচনের ভোট গণনা হবে। এই রাজ্যগুলির পাশাপাশি, ১৫ টি রাজ্যের ৪৮টি বিধানসভা উপনির্বাচন এবং দুটি লোকসভা আসনের উপনির্বাচনের ভোটও আজ গণনা করা হবে।

উত্তর প্রদেশের নয়টি বিধানসভা কেন্দ্র, রাজস্থানের সাতটি, পশ্চিমবঙ্গের ছয়টি, আসামের পাঁচটি, বিহার ও পাঞ্জাবের চারটি, কর্ণাটকের তিনটি এবং কেরালা, মধ্যপ্রদেশ ও সিকিমের দুটি করে বিধানসভা কেন্দ্রে উপনির্বাচন অনুষ্ঠিত হয়েছে। এছাড়াও, ছত্তিশগড়, গুজরাট এবং উত্তরাখণ্ডের একটি করে বিধানসভা আসনেও উপনির্বাচন অনুষ্ঠিত হয়েছে।

কেরালার ওয়ায়নাদ সংসদীয় কেন্দ্র এবং মহারাষ্ট্রের নান্দেদ সংসদীয় কেন্দ্রে উপনির্বাচন অনুষ্ঠিত হয়েছে।

*********************

**Central Minister, Khowai:**

কেন্দ্রীয় আবাসন ও নগর বিষয়ক মন্ত্রকের কেন্দ্রীয় প্রতিমন্ত্রী তোখন সাহু গতকাল খোয়াই জেলা প্রশাসন কার্যালয়ে পর্যালোচনা বৈঠক করেন। বৈঠকে উপস্থিত ছিলেন খোয়াই জেলার ভারপ্রাপ্ত জেলাশাসক সাজু ওয়াহিদ এ, অতিরিক্ত জেলাশাসক অভিজিৎ

চক্রবর্তী ও সুমিত কুমার পান্ডে, জেলার দুই মহকুমার মহকুমা ম্যাজিস্ট্রেট, জেলার সমস্ত সরকারি দপ্তরের আধিকারিকরা। বৈঠকে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ প্রকল্পগুলির বাস্তবায়নের খোঁজখবর নেন মন্ত্রী। জেলায় বিভিন্ন সরকারি প্রকল্পের সুবিধাভোগীরা সঠিকভাবে সুবিধা পাচ্ছেন কিনা সে বিষয়েও খোঁজখবর নেন তিনি। পরে সংবাদমাধ্যমকে তিনি জানান, সরকারের গুরুত্বপূর্ণ প্রকল্পগুলি নিয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। তিনি বলেন এই রাজ্যের জনসাধারণের বিভিন্ন দাবি ও চাহিদা পূরণের জন্য কেন্দ্রীয় ও রাজ্য সরকার আন্তরিক ভাবে কাজ করছে।

*******************

**Jatiyo jonojati dibos - Pragya Bhawan:**

রাজ্য সরকারের হস্ত তাঁত শিল্প ও রেশম চাষ দপ্তরের উদ্যোগে গতকাল প্রজ্ঞা ভবনে জাতীয় জনজাতি দিবস পালন করা হয়। উপস্থিত ছিলেন পূর্বাশার চেয়ারম্যান তথা বিধায়ক কিশোর বর্মন, বিশিষ্ট জনজাতি ব্যক্তিত্ব নিমাই মুড়া সিং, পদ্মশ্রী স্মৃতিরেখা চাকমা প্রমুখ। বিধায়ক শ্রী বর্মন বলেন মূলতঃ দুটি পর্যায়ে অনুষ্ঠানটি করা হচ্ছে। প্রথমত জনজাতি গৌরব দিবস ও দ্বিতীয়ত হস্ত শিল্প ও রেশম চাষের সঙ্গে যুক্ত জনজাতি শিল্পীদের উৎসাহ প্রদান করা। তিনি বলেন কেন্দ্রীয় ও রাজ্য সরকার জনজাতি হস্ত শিল্প ও রেশম চাষের সাথে যুক্ত শিল্পীদের আত্মনির্ভরতার লক্ষ্যে বহু প্রকল্পের মাধ্যমে কাজ করে চলেছে। ফলে এখন তারা নিজেদের স্বাবলম্বী করে তুলতে সক্ষম হচ্ছে। তিনি বলেন, বহিঃরাজ্য সহ রাজ্যের বিভিন্ন পর্যটন কেন্দ্রে বাঁশবেতের তৈরি জিনিসপত্রের স্টল খোলার চেষ্টা করা হচ্ছে।

রাজ্যের রেল স্টেশন এবং বিমান বন্দরেও পূর্বাশার শিল্পীদের তৈরি জিনিসপত্র নিয়ে দোকান শুরু করার উদ্যোগ নেওয়া হয়েছে। অনুষ্ঠানে চিফ মিনিস্টার ট্রাইবাল ওয়েলফেয়ার ডেভেলপমেন্ট প্রোগ্রামের উদ্বোধন করা হয়।

*********************

**Lokmanthan 2024:**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু গতকাল হায়দ্রাবাদে লোকমন্থন-২০২৪ এর উদ্বোধনী পর্বে অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে রাষ্ট্রপতি বলেন যে ভারতের সমৃদ্ধ সংস্কৃতি, ঐতিহ্য এবং ঐক্যের সূত্রকে শক্তিশালী করার জন্য এটি একটি প্রশংসনীয় প্রচেষ্টা। তিনি জোর দিয়ে বলেন সমস্ত নাগরিকদের অবশ্যই ভারতের সাংস্কৃতিক এবং বৌদ্ধিক ঐতিহ্য বুঝতে হবে এবং আমাদের অমূল্য ঐতিহ্যকে শক্তিশালী করতে হবে। রাষ্ট্রপতি বলেন, প্রাচীনকাল থেকেই ভারতীয় আদর্শের প্রভাব সারা বিশ্বে ছড়িয়ে পড়েছে। ভারতের ধর্মীয় বিশ্বাস, শিল্প, সঙ্গীত, প্রযুক্তি, চিকিৎসা ব্যবস্থা, ভাষা এবং সাহিত্য সারা বিশ্বে সমাদৃত হয়েছে। ভারতকে একটি উন্নত দেশ হিসেবে গড়ে তোলার জন্য নাগরিকদের মধ্যে 'নেশন ফার্স্ট'-এর অনুভূতি জাগানো অপরিহার্য বলে উল্লেখ করেন তিনি।

*********************

**N.F Railway:**

এন. এফ রেলওয়ের পক্ষ থেকে আগরতলা-ধর্মনগর-সাব্রুমের মধ্যে দুই দিনের জন্য বিশেষ ট্রেন দেওয়া হয়েছে। আজ থেকে এই বিশেষ ট্রেন চলাচল শুরু হয়েছে।

07611 নম্বর বিশেষ ট্রেন আজ ভোর ৫টায় আগরতলা থেকে ধর্মনগরের উদ্দেশ্যে রওনা দিয়েছে। ট্রেনটি পৌঁছাবে সকাল ৮ টা ৫০ মিনিটে। পুনরায় ট্রেনটি সকাল ১০ টা ৩০ মিনিটে ধর্মনগর থেকে রওনা হয়ে আগরতলা আসবে দুপুর ২ টা ৫ মিনিটে।

অন্যদিকে, আগরতলা থেকে 07613 নম্বর ট্রেনটি দুপুর ২ টা ৩০ মিনিটে সাব্রুমের উদ্দেশ্যে রওনা হবে। বিকেল ৪ টা ৫০ মিনিটে গিয়ে পৌঁছবে। এই ট্রেনটি পুনরায় বিকেল ৫ টা ২০ মিনিটে সাম্রুম থেকে রওনা হয়ে আগরতলায় পৌঁছাবে সন্ধ্যা ৭ টা ৪৫ মিনিটে। আগামীকালও চলাচল করবে এই ট্রেন দুটি।

********************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর মন-কি বাত অনুষ্ঠানে দেশ বিদেশের জনগনের সাথে মত বিনিময় করবেন। এটি হল মন-কি-বাত অনুষ্ঠানের ১১৬তম পর্ব। এই অনুষ্ঠানটি আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত নেটওয়ার্ক, আকাশবাণী সংবাদ ওয়েবসাইট www.newsonair.com ও newsonair mobile app-এ শোনা যাবে। অনুষ্ঠানটি আকাশবাণী, ডিডি নিউজ, প্রধানমন্ত্রীর দপ্তর তথা তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউ টিউব চ্যানেলেও শুনতে পাওয়া যাবে। অনুষ্ঠানের অব্যবহিত পরেই এর আঞ্চলিক ভাষার অনুবাদ শোনা যাবে। এই আঞ্চলিক ভাষার অনুষ্ঠানটি রাত ৮টায় পুন: প্রচার করা হবে।

********************

**Awaas Week:**

ভারত সরকারের "প্রধানমন্ত্রী আবাস যোজনা" সূচনার অষ্টম বর্ষপূর্তি উপলক্ষ্যে "আবাস সপ্তাহ" উদযাপনের অঙ্গ হিসাবে এক অনুষ্ঠান গতকাল ঊনকোটি জেলার কুমারঘাটে অনুষ্ঠিত হয়। পঞ্চায়েত সমিতি হলে কর্মসূচির উদ্বোধন করেন, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ তিনি বলেন, "সবার জন্য আবাসন" এই ভাবনায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ২০১৬ সালে "প্রধানমন্ত্রী আবাস যোজনা" চালু করেন। এই যোজনা রূপায়নের মধ্য দিয়ে সুবিধাভোগীরা তাদের স্বপ্নের আবাস নির্মাণ করছেন। বক্তব্য রাখেন, ঊনকোটি জেলা প্রশাসনের উপ-সমাহর্তা সোমা দেব, ব্লকের B.D.O ডক্টর সুদীপ ভৌমিক প্রমুখ। এই উপলক্ষ্যে আয়োজিত রক্তদান শিবিরে ২৪ জন স্বেচ্ছায় রক্তদান করেন।তাছাড়া "আমার আবাস, শ্রেষ্ঠ আবাস" এই ভাবনায় কচিকাঁচাদের মধ্যে 'বসে আঁকো' প্রতিযোগিতাও অনুষ্ঠিত হয়।

********************

**Weather:**

রাজ্য জুড়ে ধীরে ধীরে শীতের আমেজ শুরু হয়েছে। সকালের দিকে তাপমাত্রা কমছে। আবহাওয়া দপ্তর থেকে জানানো হয় আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৬.৭ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩০ ডিগ্রির কাছাকাছি। সকালের দিকে কুয়াশা ছিল। আবহাওয়া শুস্ক রয়েছে।

********************

********************